



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ৮৯০০৩৫৮।
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৫২.২১- ৬৮৪

তারিখঃ ১০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'ফর্ক লিফট অপারেটর' পদে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'ফর্ক লিফট অপারেটর' পদে আবেদনকারী প্রার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, উক্ত পদের নিয়োগ পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

পরীক্ষার নাম	পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র
লিখিত পরীক্ষা	০২-১১-২০২১ খ্রি. (মঙ্গলবার) সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টা পর্যন্ত।	প্রশিক্ষণ একাডেমী ভবন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ব্যবহারিক পরীক্ষা	০২-১১-২০২১ খ্রি. (মঙ্গলবার) বিকাল ৩.৩০ টা থেকে।	কেন্দ্রীয় পণ্যাগার, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সাভার, ঢাকা।
মৌখিক পরীক্ষা	০৩-১১-২০২১ (বুধবার) সকাল ১০.০০ টা থেকে।	সিএসএন্ডএম পরিদপ্তর, সদর দপ্তর ভবন (৮ম তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বিশেষ দ্রষ্টব্য :

- প্রার্থীদের অনুকূলে ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রার্থীদেরকে brebr.teletalk.com.bd ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সকল মূল সার্টিফিকেটের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি (যেমন- শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ, ড্রাইভিং লাইসেন্স, Applicant's Copy, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব/ জাতীয়তা সনদ ইত্যাদি) এবং ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি জমা প্রদান করতে হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং সকল মূল সার্টিফিকেটের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি (যেমন- শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ, ড্রাইভিং লাইসেন্স, Applicant's Copy, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব/ জাতীয়তা সনদ ইত্যাদি) এবং ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি জমা প্রদান করতে হবে।

(মুহাম্মদ খালেদ হোসেন)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :

- ০১। পরিচালক, সিএসএন্ডএম পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, কেন্দ্রীয় পণ্যাগার, বাপবিবো, ঢাকা।
- ০৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন), বাপবিবো, ঢাকা।

নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ০৫-১১-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ

- ০১। নোটিশ বোর্ড।